PG (CBCS) EVEN SEMESTER EXAMINATION, 2024

BENGALI
4th Semester

Course No : BNGCC - 403 (O)
(**সাহিত্যতত্ত্ব - ২**)

Full Marks : 70
Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

(পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক)

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১) 'সাহিত্যচর্চা' গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়? এতে মোট কতটি প্রবন্ধ রয়েছে? বুদ্ধদেব বসু অনুসরণে বাল্মীকি রামায়ণ এবং কৃত্তিবাসী রামায়ণের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো। ২+১২=১৪

২) বাংলা শিশুসাহিত্যের প্রথম পর্বের দুইজন লেখকের নাম লেখো। বাংলা শিশুসাহিত্যে সুকুমার রায়ের অবদান বিষয়ে আলোচনা করো। ২+১২=১৪

খ-গুচ্ছ

৩) 'সাহিত্য বিবেক' গ্রন্থটি কোন প্রকাশন সংস্থা থেকে, কবে প্রথম প্রকাশিত

হয়েছিল? বাস্তববাদ ও সমাজতান্ত্রিক বাস্তববাদ সম্পর্কে আলোচনা করো।
২+৬+৬=১৪

৪) কলাকৈবল্যবাদের মূল স্লোগানটি কী? এই স্লোগানটি কোন মিডিয়া প্রতিষ্ঠান ব্যবহার করে? কলাকৈবল্যবাদ এর স্বরূপ কী, বিশদ আলোচনা করো। ২+১২=১৪

***-গুচ্ছ**

৫) দেবেশ রায়ের দুটি বৃত্তান্তমূলক উপন্যাসের নাম লেখো। কীভাবে ঔপনিবেশিকতার প্রভাবে দেশজ কাহিনি বয়ানের পরম্পরা থেকে বাংলা আখ্যানসাহিত্য সরে এসেছিল, দেবেশ রায়ের অনুসরণে তা বুঝিয়ে দাও।
২+১২=১৪

৬) উপন্যাস সম্পর্কে দেবেশ রায়ের লেখা দুটি গ্রন্থের নাম লেখো। "উনিশ ও বিশ শতকের আধুনিকতাকে আমরা বুঝে নিতে চেয়েছি ইউরোপীয় আধুনিকতার নানা উদাহরণের সঙ্গে মিলিয়ে।" - অভিমতটি পর্যালোচনা করো। ২+১২=১৪

ঘ- গুচ্ছ

৭) আকরণবাদী তত্ত্বচিন্তায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন, এমন দুজন তাত্ত্বিকের নাম লেখো। যে কোনো একটি মিথ বা লোককথার আকরণবাদী পাঠ প্রস্তুত করো। ২+১২=১৪

৮) 'Of Grammatology' গ্রন্থটি কার লেখা? গ্রন্থটির ইংরেজি অনুবাদক কে? বিনির্মাণবাদী সাহিত্যচিন্তার মূল কথাগুলি নিজের ভাষায় লেখো।
১+১+১২=১৪

ঙ-গুচ্ছ

৯) 'A contribution to critique of political economy' গ্রন্থটি কার লেখা? কবে এটি প্রথম প্রকাশিত হয়? মার্কসবাদী সাহিত্যতত্ত্ব অনুসরণে-ভিত্তি-উপরিসৌধের পারস্পরিক সম্পর্ক বিষয়ে আলোচনা করো। ১+১+১২=১৪

১০) এডওয়ার্ড সাঈদ এর যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো। উপনিবেশোত্তরবাদী সাহিত্য জিজ্ঞাসার সার কথাগুলি সংক্ষেপে লিপিবদ্ধ করো। ২+১২=১৪

★★★